# ইসলামি শরিয়াহ ভিত্তিক বাড়ি নির্মাণ বিনিয়োগ
## Islamic Shariah Based Housing Investment



# মনজিল (منزل)

রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট

## বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
**Bangladesh House Building Finance Corporation**

গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক

শরিয়াহ ভিত্তিক অর্থায়নের জনপ্রিয়তা ও চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'Rural and Peri-Urban Housing Finance Project' শীর্ষক প্রকল্পের আওতায় Hire Purchase under Shirkatul Melk (HPSM) পদ্ধতি অনুসরণে 'মনজিল' নামক বাড়ি নির্মাণ বিনিয়োগ চালু করেছে। এ পদ্ধতিতে বিনিয়োগ গ্রহীতা তথা ভূমি মালিককে ইসলামি শরিয়াহ ভিত্তিক ব্যবস্থায় বাড়ি তৈরির জন্য অর্থায়ন করা হবে।

## ১.০ আবেদনকারী

ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মহানগর অঞ্চল ব্যতীত দেশের সকল বিভাগীয় ও জেলা সদর, উপজেলা সদর এবং গ্রোথসেন্টার এলাকার নাগরিকগণ।

## ২.০ বিনিয়োগের প্রকারভেদ

বাড়ি নির্মাণের জন্য ক) একক বিনিয়োগ এবং খ) যৌথ বা গ্রুপভিত্তিক বিনিয়োগ।

## ৩.০ বিনিয়োগ প্রাপ্তির যোগ্যতা

### ৩.১ আবেদনকারীর যোগ্যতা

ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং বয়সসীমা ১৮ বছরের উর্ধ্বে হতে হবে;

খ) আবেদনকারীর বয়স ৬৫ বছরের বেশি হলে উপযুক্ত জামিনদার নিয়োগ করতে হবে;

গ) প্রবাসী নাগরিকদের ক্ষেত্রে বৈধভাবে বাংলাদেশের বাইরে অবস্থানকাল ন্যূনতম ৩ (তিন) বছর হতে হবে;

ঘ) গ্রামীণ এবং উপশহর এলাকার নিম্ন-মধ্যবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর গ্রাহকদের অগ্রাধিকার ভিত্তিতে বিনিয়োগ প্রদান করা হবে।

### ৩.২ বিনিয়োগ সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলি

ক) আবাসিক ভবন এবং বাণিজ্যিক-কাম-আবাসিক ভবনের শুধুমাত্র আবাসিক অংশ নির্মাণের জন্য বিনিয়োগ প্রদান করা হবে;

খ) কর্পোরেশনের নির্ধারিত নির্মাণ হারে নির্মিতব্য বাড়ির নির্মাণ খরচ/ব্যয় নির্ধারণ করা হবে;

গ) নির্মিতব্য বাড়িতে যাতায়াতের জন্য রাস্তা থাকাসহ এলাকার পরিবেশ বসবাসের জন্য উপযোগী হতে হবে;

ঘ) শরিয়াহ ভিত্তিক তফসিলী ব্যাংকের মাধ্যমে বিনিয়োগ বিতরণ ও আদায় কার্যক্রম গ্রহণ করা হবে;

ঙ) বিনিয়োগের আবেদন ফি, পরিদর্শন ফিসহ সকল ফি (Fees) এর টাকা অফেরতযোগ্য;

চ) বন্ধকীতব্য সম্পত্তি সর্বদাই বিএইচবিএফসি'র ১ম চার্জে দায়বদ্ধ করতে হবে;

## ৪.০ বিনিয়োগ সুবিধার প্রকৃতি

| ক্রমিক নং | আওতাধীন এলাকা | সাধারণ গ্রাহক বিনিয়োগ সিলিং (লক্ষ টাকায়) | | কৃষক/কৃষিজীবী গ্রাহক বিনিয়োগ সিলিং (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| | | একক | গ্রুপ | |
| ১। | খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশন | ১২০ | ৬০ | ৩০ |
| ২। | খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা ব্যতীত অন্যান্য সকল সিটি কর্পোরেশন, বিভাগীয় সদর, টঙ্গী, আশুলিয়া, সাভার এবং ক্যান্টনমেন্ট এলাকা | ১০০ | ৬০ | ৩০ |
| ৩। | দেশের সকল জেলা সদর এলাকা | ৮০ | ৫০ | ৩০ |
| ৪। | পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ সেন্টারসমূহ | ৫০ | ৪০ | ৩০ |

**৪.১ বিনিয়োগের মেয়াদ** : ৫, ১০, ১৫ ও ২০ বছর;

**৪.২ ইক্যুইটি** : গ্রহীতার নিজস্ব বিনিয়োগ ন্যূনতম ২০% হতে হবে।

## ৫.০ মাসিক কিস্তি এবং মুনাফা নির্ধারণ পদ্ধতি

৫.১ বিনিয়োগের শেষ কিস্তি গ্রহণের পরবর্তী দ্বিতীয় মাসের ১ (এক) তারিখ হতে মাসিক কিস্তি পরিশোধ শুরু হবে;

৫.২ ১ম কিস্তির চেক প্রদানের সময় বিনিয়োগ গ্রহীতার নিকট হতে কর্পোরেশনের নামে ১২টি MICR পোস্ট-ডেটেড (Post-dated) ক্রস চেক বা অগ্রিম মাসিক কিস্তির চেক জমা দিতে হবে;

৫.৩ চুক্তি স্বাক্ষরের সময় পূর্ণ মেয়াদের জন্য ঘোষিত মুনাফা অনুযায়ী কিস্তি প্রস্তাব করা হবে;

৫.৪ প্রতি লক্ষ টাকায় সম্ভাব্য মুনাফার হার ও মেয়াদ ভিত্তিক বিনিয়োগের মাসিক কিস্তির পরিমাণ নিম্নরূপ হবেঃ

| মেয়াদকাল | সাধারণ গ্রাহকের ক্ষেত্রে কিস্তি | | কৃষক/কৃষিজীবী গ্রাহকের ক্ষেত্রে কিস্তি | |
|---|---|---|---|---|
| | সম্ভাব্য মুনাফার হার | প্রতি লক্ষ টাকা বিনিয়োগে কিস্তির পরিমাণ | সম্ভাব্য মুনাফার হার | প্রতি লক্ষ টাকা বিনিয়োগে কিস্তির পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০ বছর | ৮.০০% | ৮৩৬.৪৪ টাকা | ৭.০০% | ৭৭৫.৩০ টাকা |
| ১৫ বছর | ৮.০০% | ৯৫৫.৬৫ টাকা | ৭.০০% | ৮৯৮.৮৩ টাকা |
| ১০ বছর | ৮.০০% | ১২১৩.২৮ টাকা | ৭.০০% | ১১৬১.০৮ টাকা |
| ০৫ বছর | ৮.০০% | ২০২৭.৬৪ টাকা | ৭.০০% | ১৯৮০.১২ টাকা |

** বিনিয়োগকালীন অনার্জিত মুনাফা (ইউডিসিপি) মাসিক কিস্তির সাথে সমমাসিক হারে যুক্ত হয়ে পূর্ণাঙ্গ মাসিক কিস্তি নির্ধারিত হবে।*

## ৬.০ দাখিলতব্য কাগজপত্রাদি

### ৬.১ সাময়িক আবেদনের সময়

- যথাযথভাবে পূরণকৃত সাময়িক আবেদনপত্র;
- মূল মালিকানা দলিল এর সত্যায়িত ফটোকপি;
- নামজারী পর্চা, ডিসিআর, খারিজ খতিয়ান ও হালসনের খাজনা রশিদ;
- নির্মানাধীন/নির্মিতব্য ভবনের অনুমোদিত নকশা এবং নকশা অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি;
- সাইট পরিদর্শনের জন্য রুট ম্যাপ;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি।

### ৬.২ ফরমাল আবেদনের সময়

#### সাধারণ কাগজপত্র

- আবেদন ফি জমা প্রদানের রশিদ (সাধারন গ্রাহকের ক্ষেত্রে বর্তমানে প্রতি হাজারে ৩.০০ টাকা হারে + সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাটসহ এবং কৃষিজীবী গ্রাহকের ক্ষেত্রে প্রতি হাজারে ১.৫০ টাকা হারে + সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাটসহ);
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ২ কপি পার্সপোট সাইজের সত্যায়িত ছবি ও সাদা কাগজে ৩টি নমুনা স্বাক্ষর;
- আবেদনকারীর আয়ের প্রমাণপত্র (চাকরির ক্ষেত্রে বেতন সনদ) এবং ব্যবসার ক্ষেত্রে ট্রেড লাইসেন্স (সত্যায়িত কপি);
- আয়ের স্ব-পক্ষে হলফনামা অথবা আয়কর পরিশোধযোগ্য আয় হলে ই.টি.আই.এন নম্বরসহ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র;
- আবেদনকারীর নিজস্ব আয় না থাকলে উপযুক্ত ব্যাক্তিকে জামিনদার হিসেবে নিয়োগ করা যাবে এবং এরূপ ক্ষেত্রে কর্পোরেশনের নির্ধারিত জামিনদার ফরম পূরণপূর্বক জামিনদারের আয়ের স্বপক্ষে দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে;

- অনুমোদিত নকশা মোতাবেক বাড়ী নির্মাণ করবেন এবং সংশ্লিষ্ট প্রস্তাবিত জমি বন্ধক রেখে অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে বিনিয়োগ গ্রহণ করা হয়নি মর্মে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের (বর্তমানে ৩০০.০০ টাকা) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;
- বিনিয়োগ পরিশোধের পর দলিলপত্র ফেরত প্রদানের জন্য (নির্ধারিত ফরমে) নমিনী নিয়োগ করতে হবে।

### জমি সংক্রান্ত কাগজপত্র (ব্যক্তি মালিকানাধীন)

- মূল মালিকানা (সাফ কবলা/দানপত্র/বন্টননামা/অন্যান্য) দলিল এবং উক্ত দলিলের ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি;
- বায়া দলিল;
- সি.এস/ডি.এস, এস.এ/পি.এস/এম.আর.আর ও আর.এস, বি.এস পর্চার জাবেদা নকল;
- নামজারী পর্চা, ডি.সি. আর ও হালনাগাদ খাজনার রশিদ;
- জেলা/সাব রেজিস্ট্রারের অফিস কর্তৃক ইস্যুকৃত ১২ (বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি)।

### জমি সংক্রান্ত কাগজপত্র (সরকার কর্তৃক বরাদ্দকৃত)

- মূল বরাদ্দপত্র (এলোটমেন্ট লেটার);
- দখল হস্তান্তর পত্র (পজেশন লেটার);
- মূল লীজ দলিল ও উহার ০১ (এক)টি সত্যায়িত ফটোকপি, বায়া দলিল;
- মূল এলোটির/বরাদ্দ প্রাপ্তের কাছ থেকে হস্তান্তর মূলে মালিক হলে মূল মালিকানা দলিল;
- ডি.সি.আরসহ নামজারী খতিয়ান এবং হালসনের খাজনা রশিদ;
- লীজ দাতা প্রতিষ্ঠান থেকে কর্পোরেশনের নিকট বন্ধক রাখার অনুমতি/অনাপত্তি পত্র (এন.ও.সি);
- হস্তান্তরমূলে মালিক হলে হস্তান্তর অনুমতিপত্র ও নামজারী, ডি.সি.আর এবং খাজনা রশিদ।

### প্রকৌশল সংক্রান্ত কাগজপত্রের তালিকা

- অনুমোদন পত্রসহ অনুমোদিত নকশা;
- সংশ্লিষ্ট প্লটের সয়েল টেস্ট রিপোর্ট;
- ৬ তলা বা তদূর্ধ্ব ভবনের জন্য ২ কপি কাঠামো নকশা;
- ভার বহন সনদ (কর্পোরেশন ফরমেটে);
- নির্মাণ কাজ বাস্তবায়ন সনদ (কর্পোরেশন ফরমেটে)।

### প্রবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে অতিরিক্ত কাগজপত্র

- Employment Certificate;
- রেসিডেন্ট/ ওয়ার্ক পারমিট;
- বাংলাদেশী পাসপোর্টের সত্যায়িত ফটোকপি;

### কৃষক/কৃষিজীবী আবেদনকারীর ক্ষেত্রে অতিরিক্ত কাগজপত্র

- কৃষক/কৃষিজীবী হিসেবে স্থানীয় প্রশাসন/জনপ্রতিনিধির নিকট হতে প্রদানকৃত প্রত্যয়নপত্র;
- যদি কৃষক/কৃষিজীবী তার নিজেস্ব জমিতে কৃষিকাজ করেন, তবে উক্ত জমির দলিলপত্রাদির সত্যায়িত ফটোকপি।

### গ্রুপ বিনিয়োগের ক্ষেত্রে অতিরিক্ত কাগজপত্র

- রেজিস্ট্রিকৃত ফ্ল্যাট বন্টন চুক্তিপত্রের দলিল (কর্পোরেশনের নমুনা মোতাবেক);


## বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

ওয়েবসাইটঃ www.bhbfc.gov.bd, ই-মেইলঃ bhbfc.project.pmu@gmail.com

হেল্প লাইন:+৮৮ ০১৫৫০-০৪৩৩০৫, +৮৮ ০১৫৫০-০৪৩৩০৬